গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,সিলেট
(শিক্ষা ও কল্যাণ শাখা)
website-www. dcsylhet.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট শিক্ষা ট্রাস্ট, সিলেট হতে বৃত্তি প্রদানের উদ্দেশ্যে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে এইচ.এস.সি/আলিম বা সমমান,স্নাতক/ফাজিল বা সমমান এবং স্নাতকোত্তর/ কামিল বা সমমান পর্যায়ে অধ্যয়নরত সিলেট জেলার স্থায়ী,গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের নিকট হতে সংযুক্ত শর্তাবলী সাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লিখিত শ্রেণীসমূহ ছাড়াও নবম শ্রেণীতে অধ্যয়নরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীরা (যারা ২০১৪ সনের জেএসসি/ জেডিসি পরীক্ষায় উর্ত্তীন) আবেদন করতে পারবেন। মাধ্যমিক/ উচ্চ মাধ্যমিক/ সমমান স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে ২০১৪ সাল পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় পাশকৃত ছাত্রছাত্রীগণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন ।

আবেদনের শর্তাবলী, নির্ধারিত ফরম ও প্রয়োজনীয় কাগজাদি ও তালিকা জেলা প্রশাসক, সিলেট এর ওয়েব সাইট www. dcsylhet.gov.bd থেকে ডাউনলোড করা যাবে বা জেলা প্রশাসকের শিক্ষা ও কল্যাণ শাখা বা সিলেট জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র জেলা প্রশাসক বরাবরে ৩০/০৪/২০১৫ মধ্যে পৌছাতে হবে ।

০৭-৪-১৫

( মিরাজুল ইসলাম উকিল )
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ও
সদস্য সচিব
বোর্ড অব ট্রাস্টিজ, সিলেট শিক্ষা ট্রাস্ট,
সিলেট।

স্মারকনং- ০৫.৬০.৯১০০.০১৭.৩৬.০০৩.১৫- ২১৭ (৬০)

তারিখ: ২৬ চৈত্র ২০২১
০৭ এপ্রিল ২০১৫

১। উপজেলা নির্বাহী অফিসার............................................................ (সকল), সিলেট ।
২। অধ্যক্ষ/ রেজিষ্ট্রার............................................................ সিলেট।
৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
৪। জেলা শিক্ষা অফিসার, সিলেট ।
৫। সভাপতি,সিলেট প্রেস ক্লাব,সিলেট ।
৬। সম্পাদক, সিলেট প্রেস ক্লাব,সিলেট ।
৭। সম্পাদক, দৈনিক পত্রিকা, সিলেট। উক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশের জন্য তাকে অনুরোধ করা হলো।
৮। জনাব ............................................................
৯। গোপনীয় সহকারী ............................................................

আবেদনের শর্তাবলী অপর পৃষ্ঠায়

# আবেদনের শর্তাবলী

শর্ত-১ ঃ (ক) অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পিতা ও মাতা বা পিতা অথবা মাতা যে কোন একজনকে জন্মসূত্রে সিলেট জেলারস্থায়ী বাসিন্দা হতে হবে। তুলনামূলকভাবে গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদেরকে বৃত্তি প্রদান করা হবে।

(খ) মাধ্যমিক(প্রতিবন্ধী)/ উচ্চ মাধ্যমিক/ সমমান স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে ২০১৩ সাল পর্যন্ত অনুষ্ঠিত পরীক্ষায় পাশকৃত ছাত্রছাত্রীগণ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন ।

শর্ত-২ ঃ সাধারণ শিক্ষার্থীদের ক্ষেত্রে ঃ

(ক) উচ্চ মাধ্যমিক/ সমমান স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের ক্ষেত্রে নবম/দশম শ্রেণী স্তর হতে স্নাতোকোত্তর/ সমমান স্তরে অধ্যয়নরত ছাত্রছাত্রীরা বৃত্তির জন্য আবেদন করতে পারবেন ।

(খ) এইচ.এস.সি / এইচ.এস.সি (ভোক) /এইচ.এস.সি (বিএম) / এইচ.এস.সি (পলিটেকনিক্যাল) পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় নূন্যতম পক্ষে জিপিএ ৫.০০ থাকতে হবে।

(গ) স্নাতক / ফাযিল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পূর্ববর্তী বোর্ড পরীক্ষায় এস.এস.সি. ও এইচ.এস.সি এর মধ্যে একটিতে জিপিএ ৫.০০ এবং একটিতে জিপিএ ৪.০০ থাকতে হবে ।

(ঘ) স্নাতকোত্তর / কামিল পর্যায়ে অধ্যয়নরত ছাত্র/ ছাত্রীদের স্নাতক/ সমমানের পরীক্ষায় জিপিএ ৩.০০ বা ১ম শ্রেণী থাকতে হবে। তবে এস.এস.সি ও এইচ.এস.সি পর্যায়ে জিপিএ ৩.০০ এর নীচে বা ২য় বিভাগ গ্রহণযোগ্য হবে না।

(ঙ) এম.বি.বি.এস ও বি.এস.সি. ইঞ্জিনিয়ারিং এ অধ্যয়নরত ছাত্র / ছাত্রীদের ক্ষেত্রে এস.এস.সি ও এইচ.এস.সি এর মধ্যে একটিতে জিপিএ ৫.০০ এবং একটিতে জিপিএ ৪.০০ থাকতে হবে ।

শর্ত-৩ ঃ প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের ক্ষেত্রে পরীক্ষার ফলাফলের উক্তরুপ শর্ত প্রযোজ্য হবে না ।

শর্ত-৪ঃ আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপিএবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্য নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে ।

শর্ত-৫ঃ মুক্তিযোদ্ধাদের সন্তানরা বৃত্তি প্রাপ্তিতে অগ্রাধিকার পাবেন । এজন্য পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে ।

শর্ত-৬ঃ ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এইমর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকতে হবে ।

শর্ত-৭ঃ প্রাইভেট মেডিকেল কলেজ ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের আবেদন করার প্রয়োজন নেই ।

## আবেদনের সাথে সংযুক্তি বিষয়ক কাগজাদি

(ক) পাসপোর্ট সাইজের ০১(এক) কপি সত্যায়িত ফটো ।
(খ) বিগত পরীক্ষাসমূহ পাশের মার্কসীট এর সত্যায়িত কপি ।
(গ) পিতা ও মাতা উভয়ই বা যে কোন একজন জন্মসূত্রে সিলেট জেলার স্থায়ী বাসিন্দা এ মর্মে প্রত্যয়নপত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি ।
(ঘ) আবেদনের সাথে ১৮ বছরের বেশী বয়স্ক ছাত্র-ছাত্রীদের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং ১৮ বছরের নীচের ছাত্র-ছাত্রীদের জন্য নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
(ঙ) মুক্তিযোদ্ধা সন্তানদের পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এইমর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যায়নপত্র ।

জেলা প্রশাসক
সিলেট ।

বিষয় ঃ- বৃত্তি প্রদানের আবেদন ।

জনাব,

সবিনয় নিবেদন এই যে, আপনার ০৯/০৪/২০১৫ তারিখের ০৫.৬০.৯১০০.০১৭.৩৬.০০৩.১৫-২১৯(৬০) নং স্মারকাদেশে জারীকৃত বিজ্ঞপ্তি মোতাবেক নির্ধারিত ছকে যাবতীয় তথ্যাদি নিম্নে পেশ করলাম । আমার আবেদনখানা সহানুভূতির সহিত বিবেচনা করতঃ বৃত্তি প্রদানে হুজুরের সদয় মর্জি হয় ।

০১। (ক) আবেদনকারীর নাম ঃ ........................................................................................................ ।

মোবাইলফোন নম্বর ঃ

(খ) পিতা / স্বামীর নাম ঃ ........................................................................................................ ।

মোবাইল ফোন নম্বর ঃ

(গ) মাতার নাম ঃ ........................................................................................................ ।

মোবাইল ফোন নম্বর (যদি থাকে) ঃ

০২। স্থায়ী ঠিকানা ঃ গ্রাম/ মহলা ঃ-.............................................................. ডাকঘর ঃ-.................................... ।

উপজেলা ঃ-.............................................................. জেলা ঃ-.................................... ।

০৩। বর্তমান ঠিকানা ঃ গ্রাম/ মহলা ঃ-.............................................................. ডাকঘর ঃ-.................................... ।

উপজেলা ঃ-.............................................................. জেলা ঃ-.................................... ।

০৪। অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ-........................................................................................................ ।

০৫। অধ্যয়নরত শ্রেণী / বিভাগ ঃ-........................................................................................................ ।

০৬। পিতা / মাতার অবর্তমানে অভিভাবকের নাম ঃ ........................................................................................ ।

মোবাইল ফোন নম্বর ঃ

০৭। পরিবারের বার্ষিক আয় ঃ ........................................................................................................ ।

৮। আবেদনকারীর পিতা / মাতা সিলেট জেলার কোন এলাকার স্থায়ী বাসিন্দাঃ- ..............................................................
........................................................................................................

০৯। আবেদনকারীর পিতা ও মাতার পেশার বিবরণ ঃ ..............................................................
........................................................................................................

১০। সর্বশেষ পরীক্ষা সংক্রান্ত তথ্যঃ

(ক) পরীক্ষার নাম ঃ..................................................................(খ) সন ঃ........................................................

(গ) ফলাফল ঃ........................................................ জিপিএ/ বিভাগ/ শ্রেণী/ (ঘ) প্রাপ্ত নম্বর ঃ......................................

*( বোর্ড / বিশ্ববিদ্যালয় হতে প্রদত্ত মার্কসীট/ গ্রেডসীটের সত্যায়িত কপি আবেদনের সাথে জমা দিতে হবে ) ।

১১। পরিবারের অন্যান্য শিক্ষার্থীদের বিবরণ ঃ-..........................................................................................................
........................................................................................................................................................................

১২। পূর্বে এ সংস্থা থেকে কোন সুবিধা পেয়ে থাকলে তার বিবরণ ঃ ..........................................................................
........................................................................................................................................................................
........................................................................................................................................................................

১৩। আবেদনকারী সরকারী কিংবা অন্য কোন সংস্থা থেকে কোন বৃত্তি সুবিধা পেয়ে থাকলে তার বিবরণ
........................................................................................................................................................................
........................................................................................................................................................................
........................................................................................................................................................................

১৪। আবেদনকারী মুক্তিযোদ্ধা পিতা মাতার সন্তান কিনা ঃ-..........................................................................................
........................................................................................................................................................................

আবেদনকারীর স্বাক্ষর

পিতা/মাতা/ অভিভাবকের স্বাক্ষর

১৫। ছাত্র-ছাত্রী দরিদ্র পরিবারের সন্তান ও মেধাবী এইমর্মে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান /বিভাগীয় প্রধানের মন্তব্য ও সুপারিশঃ
........................................................................................................................................................................
........................................................................................................................................................................

১৬। প্রতিবন্ধী ছাত্রছাত্রীর ক্ষেত্রে প্রতিবন্ধিতার ধরণ ও মাত্রা সম্পর্কে শিক্ষা প্রতিষ্ঠান /বিভাগীয় প্রধানের মন্তব্য ও সুপারিশঃ
........................................................................................................................................................................
........................................................................................................................................................................

অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান
প্রধানের স্বাক্ষর ও সীলমহ

*(স্থায়ী বাসিন্দার সনদপত্র ও জন্ম নিবন্ধন সনদপত্র সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/ পৌরসভা / ইউনিয়ন পরিষদ বা সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হতে হবে। মুক্তিযোদ্ধা সনদপত্র/ জাতীয় পরিচয়পত্র সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হতে হবে।)